গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়’র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ৭৮/২০১৮-১৯
ঢাকা, বৃহস্পতিবার ১৮ অক্টোবর ২০১৮, ৩ কার্তিক ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বর্তমান সরকারের ধারাবাহিকতা চান সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ আল সৌদ
প্রধানমন্ত্রীর সঙ্গে সৌদি যুবরাজের বৈঠক

২। বাংলাদেশের উন্নয়নের গতি কেউ থামাতে পারবে না :
রিয়াদে নবনির্মিত চ্যান্সেরি ভবন উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

৩। বাংলাদেশে বিনিয়োগে সব ধরনের সহযোগিতা দেব : সৌদি উদ্যোক্তাদের প্রতি প্রধানমন্ত্রী

৪। ঢাকা ও রিয়াদের মধ্যে পাঁচটি সমঝোতা স্মারক স্বাক্ষর

৫। বাংলাদেশে গণতান্ত্রিক চর্চায় বিশ্বনেতাদের আস্থা রয়েছে : স্পিকার

৬। বাংলাদেশ-ভারত নৌ-ট্রানজিট উন্নয়নসহ ১৬ ক্রয়প্রস্তাব মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন

৭। উন্মুক্ত আদালতে ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার বিচার হয়েছে : তথ্যমন্ত্রী

৮। বড় তৎপরতা চালানোর সক্ষমতা জঙ্গিদের নেই : স্বরাষ্ট্রমন্ত্রী

৯। জলবায়ু অভিযোজনে বিশ্বে রোল মডেল বাংলাদেশ : বান কি মুন

১০। শেখ রাসেলের জন্মদিন আজ

চলমান পাতা-২

১। বর্তমান সরকারের ধারাবাহিকতা চান সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ আল সৌদ
প্রধানমন্ত্রীর সঙ্গে সৌদি যুবরাজের বৈঠক

সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ আল সৌদ প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অসামান্য উন্নয়নের ভূয়সী প্রশংসা করেছেন। গতকাল (১৭ অক্টোবর বুধবার) সৌদি আরবের রিয়াদে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌদি বাদশাহর বৈঠকের পর পররাষ্ট্র সচিব মো. শহীদুল হক সৌদি বাদশাহর উদ্ধৃতি দিয়ে বলেন, যদি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের ধারাবাহিকতা বজায় থাকে তাহলে সৌদি আরব ও বাংলাদেশের মধ্যকার সম্পর্ক আরো উন্নত হবে এবং সকলক্ষেত্রে উন্নতি সাধিত হবে। পররাষ্ট্র সচিব জানান, সৌদি বাদশাহ নিজে রাজপ্রসাদের প্রবেশদ্বারে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান। বাদশাহ বলেন, সৌদি আরব ও বাংলাদেশ দু'টি ভ্রাতৃপ্রতিম দেশ এবং ধর্মের পাশাপাশি আমরা বিভিন্ন বিষয়ে একই বন্ধনে বাঁধা। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাদশাহ'র আতিথেয়তার জন্য ধন্যবাদ জানান। প্রধানমন্ত্রী প্রতিরক্ষাসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা জোরদারের প্রস্তাব করলে বাদশাহ প্রস্তাবগুলো যথাযথ বলে অভিহিত করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সৌদি আরবে বিপুলসংখ্যক বাংলাদেশি কাজ করছে উল্লেখ করে এক্ষেত্রে তাদের দেখাশোনা করার জন্য সৌদি সরকারকে ধন্যবাদ জানান। বাদশাহ ফিলিস্তিনিদের অধিকার প্রতিষ্ঠায় বাংলাদেশের ভূমিকার ভূয়সী প্রশংসা করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সৌদি বাদশাহ'র আমন্ত্রণে চারদিনের সরকারি সফরে গত ১৬ অক্টোবর মঙ্গলবার সন্ধ্যায় রিয়াদ পৌঁছেন।

এছাড়া সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানের সঙ্গে বৈঠক করেন প্রধানমন্ত্রী। তাঁরা দ্বিপক্ষীয় স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)। **ইত্তেফাক, জনকণ্ঠ, যুগান্তর, সমকাল, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ, নিউজ টুডে, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। বাংলাদেশের উন্নয়নের গতি কেউ থামাতে পারবে না :
রিয়াদে নবনির্মিত চ্যান্সেরি ভবন উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

বাংলাদেশ উন্নয়নের মহাসড়কে যাত্রা শুরু করেছে এবং এ উন্নয়ন ও অগ্রযাত্রা কেউ থামাতে পারবেনা বলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আশাবাদ ব্যক্ত করেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৭ অক্টোবর বুধবার) সৌদি আরবের রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসের নিজস্ব জায়গায় এবং নিজস্ব অর্থে নবনির্মিত চ্যান্সেরি ভবন উদ্বোধন উপলক্ষে প্রদত্ত ভাষণে এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ উন্নয়নের মহাসড়কে যাত্রা শুরু করেছে এবং জনগণ ভোট দিলে তিনি আবার ক্ষমতায় আসবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

৩। বাংলাদেশে বিনিয়োগে সব ধরনের সহযোগিতা দেব : সৌদি উদ্যোক্তাদের প্রতি প্রধানমন্ত্রী

বাংলাদেশে বিনিয়োগ করতে সৌদি আরবের উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, সৌদি আরবের উদ্যোক্তারা বাংলাদেশে বিনিয়োগে এগিয়ে এলে আমরা তাদের সব ধরনের সহযোগিতা দেব। গতকাল (১৭ অক্টোবর বুধবার) দেশটির ব্যবসায়ীদের সংগঠন সৌদি চেম্বার এবং রিয়াদ চেম্বার অভ্ কমার্স নেতাদের সঙ্গে বৈঠকে তিনি এ আহ্বান জানান। বাদশাহ সৌদ রাজপ্রাসাদে এ বৈঠক অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী বলেন, আমি পারস্পরিক স্বার্থেই আপনাদের বাংলাদেশে ব্যবসা, প্রযুক্তি এবং উদ্ভাবনী চিন্তা নিয়ে আসার আমন্ত্রণ জানাচ্ছি, যাতে আমরা আমাদের উন্নয়ন অভিযাত্রায় একসাথে চলতে পারি। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

৪। ঢাকা ও রিয়াদের মধ্যে পাঁচটি সমঝোতাস্মারক স্বাক্ষর

বাংলাদেশ ও সৌদি আরব গতকাল (১৭ অক্টোবর বুধবার) শিল্প ও বিদ্যুৎখাতে সহযোগিতা সংক্রান্ত পাঁচটি সমঝোতাস্মারক স্বাক্ষর করেছে। রিয়াদে বাদশাহ সৌদ রাজপ্রাসাদে সমঝোতা স্মারকগুলো স্বাক্ষরিত হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সৌদি চেম্বার ও রিয়াদ চেম্বার অভ্ কমার্স নেতৃবৃন্দের সঙ্গে তাঁর বৈঠকের পর স্মারক

অনুষ্ঠান প্রত্যক্ষ করেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব সাজ্জাদুল হাসান বাংলাদেশের পক্ষে সকল সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **অবজারভার** (শেষ পৃ.,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

৫। বাংলাদেশে গণতান্ত্রিক চর্চায় বিশ্ব নেতাদের আস্থা রয়েছে : স্পিকার

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বাংলাদেশের গণতান্ত্রিক চর্চায় বিশ্ব নেতাদের আস্থা রয়েছে। এ কারণেই আন্তর্জাতিক অঙ্গনে সবচেয়ে বড় দু'টি গণতান্ত্রিক সংগঠন সিপিএ (কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশন) ও আইপিইউ (ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন) এর শীর্ষ পদে নির্বাচিত হয়ে বাংলাদেশ নেতৃত্ব দিয়েছে। গতকাল (১৭ অক্টোবর বুধবার) জেনেভায় সুইজারল্যান্ড আওয়ামী লীগ আয়োজিত এক সংবর্ধনা সভায় প্রধান অতিথির বক্তব্যে স্পিকার এসব কথা বলেন। এর আগে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী আইপিইউ'র সেক্রেটারি জেনারেল মার্টিন চুং গং এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে তাঁরা আইপিইউ'র ফোরামে মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার এবং বাল্যবিয়ে হ্রাস করার উপায়সমূহ নিয়ে আলোচনা করেন। সূত্র-**সংবাদ (পৃ.২,ক.৫), ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.২)।

৬। বাংলাদেশ-ভারত নৌ-ট্রানজিট উন্নয়নসহ ১৬ ক্রয়প্রস্তাব মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন

বাংলাদেশ-ভারত নৌ-ট্রানজিট অবকাঠামো উন্নয়নে ক্রয়সহ ১৬টি প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারের ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এতে ব্যয় হবে প্রায় সাড়ে ৭ হাজার কোটি টাকা। অনুমোদিত প্রস্তাবে রাজউকের 'উত্তরা অ্যাপার্টমেন্ট' প্রকল্পের ডিজাইন বিল্ড ট্রান্সফার নির্মাণসংক্রান্ত ক্রয়প্রস্তাব রয়েছে। এতে ব্যয় হবে প্রায় ৫ হাজার ৯৮ কোটি টাকা। অনুমোদিত প্রস্তাবের মধ্যে ৩৮৭ কোটি টাকা ব্যয়ে সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর সংস্কার সংক্রান্ত প্রস্তাবও রয়েছে। গতকাল (১৭ অক্টোবর বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত বৈঠকে প্রস্তাবগুলো অনুমোদন দেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

৭। উন্মুক্ত আদালতে ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার বিচার হয়েছে : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, ১৪ বছর ধরে ২১ আগস্ট গ্রেনেড হামলার মামলা হয়েছে। উন্মুক্ত আদালতে, শতাধিক সাক্ষী ছিল। চুলচেরা বিশ্লেষণ করে এ মামলার রায় হয়েছে। আসামিপক্ষের সবাই হাজির হয়ে যুক্তিতর্ক উপস্থাপন করেছে। ১৪ বছর পর বিএনপি-কামাল হোসেনরা বলছেন, এটা রাজনৈতিক মামলা, এটা মিথ্যাচার ছাড়া আর কিছুই না। তথ্যমন্ত্রী গতকাল (১৭ অক্টোবর বুধবার) কুষ্টিয়ার মিরপুর উপজেলার তালবাড়িয়া স্কুল মাঠে এক সুধী সমাবেশে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ (পৃ.১,ক.১), যুগান্তর** (পৃ.২,ক.৪)।

৮। বড় তৎপরতা চালানোর সক্ষমতা জঙ্গিদের নেই : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন বলেছেন, দেশে জঙ্গিদের সক্ষমতা শেষ করে দেওয়া হয়েছে। বড় কিছু করার সক্ষমতা জঙ্গিদের আর নেই। গতকাল (১৭ অক্টোবর বুধবার) রমনা কালীমন্দির পরিদর্শনে গিয়ে এ কথা বলেন তিনি। নরসিংদীতে জঙ্গিরা পূজা বা নির্বাচনকে কেন্দ্র করে জড়ো হচ্ছিল কি-না জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জঙ্গিদের একটা মোটিভ থাকে। তারপরও যেখানে তাদের খবর পাচ্ছি, আস্তানা গুঁড়িয়ে দিচ্ছি। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **যায়যায়দিন** (পৃ.১৫,ক.১)।

৯। জলবায়ু অভিযোজনে বিশ্বে রোল মডেল বাংলাদেশ : বান কি মুন

বৈশ্বিক জলবায়ু অভিযোজনে বাংলাদেশের জোরালো এবং উদ্ভাবনাময়ী ভূমিকার জন্য জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুন প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূয়সী প্রশংসা করেছেন। বান কি মুন বলেন, বাংলাদেশ

একটি উন্নয়নশীল দেশ হয়েও সাহসী এবং দূরদর্শী পদক্ষেপের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় নানাবিধ দৃষ্টান্তমূলক উদ্যোগ গ্রহণ করে সারাবিশ্বে রোল মডেল হিসেবে বিবেচিত হচ্ছে। জাতিসংঘের ৮ম

মহাসচিব বান কি মুন নেদারল্যান্ডসে গ্লোবাল কমিশন অন অ্যাডাপটেশন (জিসিএ)-এর উদ্বোধন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে এ মন্তব্য করেন। জিসিএ'র কো-কনভেনের প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে ঐ অনুষ্ঠানে যোগদানকারী পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেন, জলবায়ু সমস্যার সমাধানে উন্নত দেশসমূহকে প্রয়োজনীয় অর্থায়নে এগিয়ে আসতে হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৪,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **নিউ এজ** (শেষ পৃ,ক.২)।

১০। শেখ রাসেলের জন্মদিন আজ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছোট ছেলে শহিদ শেখ রাসেলের ৫৪তম জন্মদিন আজ (১৮ অক্টোবর বৃহস্পতিবার)। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছোট ভাই শেখ রাসেল ১৯৬৪ সালের এ দিনে ধানমণ্ডির ঐতিহাসিক স্মৃতিবিজড়িত বঙ্গবন্ধু ভবনে জন্মগ্রহণ করেন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট ঘৃণ্য ঘাতকদের নির্মম বুলেট বঙ্গবন্ধুর সঙ্গে নির্মমভাবে তাঁকেও হত্যা করেছিল। শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে আওয়ামী লীগের সহযোগী সংগঠনসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** নিরাপদ স্যানিটেশন শিক্ষার্থীদের অধিকার উল্লেখ করে প্রতিটি স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে প্রয়োজনীয় ও মানসম্মত স্যানিটেশনের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

খ. **বণিক বার্তা :** ঝিনাইদহ কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের শিক্ষার্থীরা শিখি-করি-খাই (শিকখা) কর্মসূচির আওতায় বিভিন্ন ফসল উৎপাদন করে যে সাফল্য দেখিয়েছে সেটি দেশব্যাপী ছড়িয়ে দিতে পারলে কৃষিক্ষেত্রে তা ইতিবাচক পরিবর্তন আনবে বলে মতপ্রকাশ।

গ. **যায়যায়দিন :** দেশে চলতি অর্থবছরে প্রথম প্রান্তিকে প্রতিবেশী দেশ ভারত থেকে রপ্তানি আয় বেড়েছে ১৪২ শতাংশ এ খবরে সন্তোষ প্রকাশ করে রপ্তানি আয় বৃদ্ধির এ ধারা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ভোরের কাগজ :** আইনশৃঙ্খলা রক্ষাকারীবাহিনীর কঠোর অবস্থানের মধ্যেও জঙ্গি তৎপরতা থেমে নেই উল্লেখ করে এ অবস্থা নিরসনে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান।

ঙ. **যুগান্তর :** বিভিন্ন নদীতে নাব্য সংকটের কারণে নৌপথে চলাচল বিঘ্নিত হচ্ছে উল্লেখ করে নদীশাসনে দক্ষতা অর্জন, নৌপথগুলোকে সচল রাখা ও নাব্য সংকট কাটাতে নিয়মিত ড্রেজিংসহ সব ধরনের উদ্যোগ নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট, নিউ এজ, নিউ নেশন :** দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হলেও বিভিন্ন দুর্যোগকালীন সময়ে খাদ্যের অভাব যাতে না হয় সে ব্যাপারে প্রস্তুতি রাখার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট :** পর্যটন নগরী কক্সবাজারকে পরিচ্ছন্ন রাখতে যথাযথ বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার সুপারিশ।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মানবসম্পদ তৈরিতে শিক্ষা ও স্বাস্থ্যখাতে সবচেয়ে বড় বিনিয়োগ করতে হবে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'কমিউনিটি ক্লিনিক একটি বৈপ্লবিক ব্যবস্থা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বাংলাদেশের স্বাস্থ্যব্যবস্থা এবং মেডিকেল শিক্ষার উন্নয়ন ও আধুনিকায়নে কমিউনিটি ক্লিনিক

ব্যবস্থা একটি যুগান্তকারী সংযোজন।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা